অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

10 মিলিয়ন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের অংশ হিসেবে ট্রয়ের জন্য গভর্নর হোকলের 11 টি রূপান্তরমূলক প্রকল্প ঘোষণা

এগারটি ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ প্রকল্প এটির প্রাণবন্ত সংস্কৃতি ও শিল্পের দৃশ্য, হেঁটে চলাচলের উপযুক্ততা ও সংযোগ, আবাসন সুবিধা, এবং কমিউনিটি পরিষেবাসমূহ সমৃদ্ধ করছে

প্রকল্পসমূহের রেন্ডারিং উপলভ্য এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ 10 মিলিয়ন ডলারের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগের বরাদ্দের অংশ হিসেবে টাপার ট্রয় সিটিতে 11টি রূপান্তরমূলক প্রকল্প বাস্তবায়নের কথা ঘোষণা করেছেন। এসব অনুদান সিটির প্রাণবন্ত শিল্প ও সংস্কৃতির দৃশ্যকে সমৃদ্ধ করবে, হেঁটে চলাচলের উপযুক্ততা উন্নত করবে, উন্নত আবাসন সুবিধা প্রদান করবে, এবং কমিউনিটি পরিষেবাসমূহ সম্প্রসারণ করবে।

"প্রাণবন্ত ডাউনটাউনগুলোতে বিনিয়োগ করা কমিউনিটিগুলোকে সমৃদ্ধ হওয়ার সুযোগ করে দেয়, এবং ট্রয়ে আমাদের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative) আমাদের স্থানীয় অংশীদারদেরকে তাদের সাফল্য অর্জনের জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহের সঙ্গে সংযোগ করিয়ে দেবে," **বলেছেন গভর্নর হোকল।** "এই তহবিল শুধু যারা ট্রয়ে বাস করছেন ও কাজ করছেন তাদের জীবনের মান উন্নতই করবে না, বরং আগামী দশকগুলোতে এই কমিউনিটি যাতে রাজধানী অঞ্চলের একটি রত্ন হিসেবে বিদ্যমান থাকে সে বিষয়টিও নিশ্চিত করবে।"

ট্রয়ের ডাউনটাউনের প্রাণকেন্দ্রে অবস্থিত নিবিড় এবং হেঁটে চলাচলের উপযুক্ত রিভারওয়াক DRI ডিস্ট্রিক্টে এই সিটির শিল্প, সংস্কৃতি, ও বিনোদন সম্পদগুলোর একটি বড় অংশ অবস্থান করছে, যার মধ্যে দেড় মাইলেরও বেশি দীর্ঘ নদীর তীরও অন্তর্ভুক্ত রয়েছে। এই DRI বরাদ্দ ট্রয় সিটিকে পূর্বের বিনিয়োগ, রিভারফ্রন্ট ডিস্ট্রিক্টের অকৃত্রিম আকর্ষণ এবং নিজে কাজ করার স্পৃহা, এবং অধিবাসী, দর্শনার্থী, ও উদ্যোক্তাদের ক্রমবর্ধমান সংখ্যার সঙ্গে যোগ হয়ে রিভারওয়াক ডিস্ট্রিক্টকে চমৎকার জনসমাগমের স্থান, সমৃদ্ধশীল ক্ষুদ্র ব্যবসা, এবং শিল্প ও সংস্কৃতির ভেন্যুগুলো দিয়ে সাজানো উদ্ভাবন ও মেধার একটি আঞ্চলিক কেন্দ্রে রূপান্তর হওয়ার সুযোগ করে দেবে। ঐতিহাসিক ভবন এবং নমনীয় নতুন স্থানগুলো বসবাস করা, শেখা, ও তৈরি করার সুযোগ প্রদান

করবে, এবং সম্প্রসারণকৃত রিভারওয়াক আশেপাশের এলাকাগুলোকে সংযুক্ত করবে এবং দক্ষিণ ট্রয়, নর্থ সেন্ট্রাল ট্রয়, এবং এর বাইরের অঞ্চলে বিনিয়োগ করার একটি সুস্পষ্ট পথ প্রদান করবে।

এসব বিনিয়োগ আপস্টেটের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করা এবং ক্যাপিটাল রিজিয়নের মধ্যে আরো বেশি সুযোগ-সুবিধা তৈরি করার জন্য গভর্নরের চলমান প্রচেষ্টার অংশ। DRI-এর নেতৃত্বে রয়েছে নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State) যারা প্রতিটি অংশগ্রহণকারী কমিউনিটিকে ডাউনটাউন এলাকার পুনরুজ্জীবিতকরণের জন্য একটি অনন্য রূপকল্প সামনে নিয়ে সুনির্দিষ্ট প্রকল্পগুলো শনাক্ত করে একটি কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা প্রণয়ন করার এই সময়ে প্রযুক্তিগত সহায়তা প্রদান করছে।

DRI-এর মাধ্যমে অনুদান পাওয়া প্রকল্পগুলো কমিউনিটির কৌশলগত বিনিয়োগ পরিকল্পনায় থাকা কয়েকটি লক্ষ্য ও কৌশলকে সমর্থন করছে, যেমন সংস্কৃতি ও শিল্পের দৃশ্য সমৃদ্ধ করা; স্ট্রিটস্কেপের হেঁটে চলাচলের উপযুক্ততা, সংযোগ ও প্রাণবন্ততা উন্নত করা; আবাসনের সুযোগ-সুবিধা সম্প্রসারণ করা; এবং কমিউনিটি পরিষেবাগুলো বৃদ্ধি করা। DRI-এর মাধ্যমে এসব প্রকল্পে স্টেটের 9.7 মিলিয়ন ডলার বিনিয়োগ পুনরুজ্জীবিতকরণ প্রক্রিয়া অগ্রসর হলে এবং গতিশীলতা অর্জন করতে শুরু করলে সরকারি ও বেসরকারি খাত থেকে আরো বিনিয়োগ নিয়ে আসবে।

DRI-এর মাধ্যমে যেসব নির্দিষ্ট প্রকল্পের অর্থায়ন করা হবে তার মধ্যে রয়েছে:

<u>সংস্কৃতি ও শিল্পের দৃশ্য সমৃদ্ধ করা</u>

আমেরিকান থিয়েটার (American Theatre)-কে একটি বহুমুখী ব্যবহারের উপযোগী আর্টস ভেন্যুতে পুনরুদ্ধার করা - DRI অনুদান 500,000 ডলার
285-289 রিভার স্ট্রিটে অবস্থিত 1920-এর আমলের খালি পড়ে থাকা থিয়েটারটিকে বছরে 200টি ইভেন্ট আয়োজন করার মতো একটি সিনেমা, আর্টস, ও লাইভ মিউজিক ভেন্যুতে রূপান্তর করা। এই সংস্কারকৃত থিয়েটার আনুমানিক 30,000 মানুষকে ডাউনটাউনে নিয়ে আসবে এবং একইসাথে এই এলাকার সাংস্কৃতিক ও বিনোদনমূলক বিকল্পগুলো সম্প্রসারণ করবে।

ঐতিহাসিক হার্ট ক্লুয়েট জাদুঘর (Hart Cluett Museum)-এর দর্শনার্থীর অভিজ্ঞতা উন্নত করা - DRI অনুদান 380,000 ডলার
জাদুঘরের সংগ্রহকে সুরক্ষিত রাখতে HVAC সিস্টেম প্রতিস্থাপন করা এবং জাদুঘরের অফার করা বিষয়গুলো সম্প্রসারণ করার সুযোগ করে দিতে আউটডোর ডেকের ব্যবহার বৃদ্ধি করা। এই প্রকল্প ট্রয় ও রেনসেলার কাউন্টির সাংস্কৃতিক ঐতিহ্য যাতে ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য সংরক্ষিত থাকে সে বিষয়টি নিশ্চিত করবে।

ট্রয় পাবলিক লাইব্রেরি (Troy Public Library)-এর বছরব্যাপী ধারণক্ষমতা সম্প্রসারণ করা - DRI অনুদান 625,000 ডলার

100 সেকেন্ড স্ট্রিটে গ্রীষ্মকালীন মাসগুলোতে উন্নত বায়ুর মান ও ঠাণ্ডা বাতাস সরবরাহ করার জন্য ছাদে মাউন্ট করা একটি মেকানিকাল HVAC ইউনিট যোগ করা, ডিস্ট্রিবিউশন পাইপিং প্রতিস্থাপন, এবং ইন্টেরিয়র সিস্টেম আপডেট করা, যা অধিকতর বিস্তৃত পরিসরে গ্রীষ্মকালীন কর্মসূচি আয়োজনের সুযোগ করে দেবে।

ম্যুরাল ও পাবলিক আর্টের মাধ্যমে ডাউনটাউনকে সংযুক্ত করা - DRI অনুদান 270,000 ডলার
গর্ব ও বিনিয়োগ গড়ে তুলতে এবং দর্শনার্থীদের স্বাগত জানাতে জনসমাগমের স্থানগুলো পাবলিক আর্ট দিয়ে পুনরুজ্জীবিতকরণ। এই প্রকল্প ডাউনটাউনের ছয়টি লোকেশনে একাধিক পাবলিক আর্ট স্থাপনা তৈরি করবে, যা জনসাধারণের জন্য ট্রয়ের সঙ্গে সম্পৃক্ত হওয়ার নতুন অভিজ্ঞতা তৈরি করবে।

<u>স্ট্রিটস্কেপের হেঁটে চলাচলের উপযুক্ততা, সংযোগ ও প্রাণবন্ততা উন্নত করা</u>

ম্যারিনা নর্থ রিভারওয়াক সম্প্রসারণ করা - DRI অনুদান: 3,000,000 ডলার
রিভারওয়াক ট্রেইলটিকে এক মাইলের এক চতুর্থাংশ পর্যন্ত (জে স্ট্রিট পর্যন্ত) এবং হুসিক স্ট্রিট ব্রিজ সংলগ্ন অঞ্চল পর্যন্ত বর্ধিত করা। রিভারওয়াক ম্যারিনা নর্থ (Riverwalk Marina North) প্রকল্প চূড়ান্ত পর্যায়ে গিয়ে সাত মাইল পর্যন্ত বর্ধিত হবে এমন একটি ট্রেইলকে বর্ধিত করার মধ্য দিয়ে, নর্থ সেন্ট্রাল ও ল্যানসিংবার্গ এলাকার সঙ্গে সাইকেল আরোহী ও পথচারীদের সংযোগ উন্নত করবে।

ডাউনটাউনে ট্রয়ে প্রবেশ করা কংগ্রেস স্ট্রিট গেটওয়ে-এর রূপান্তর - DRI অনুদান: 1,000,000 ডলার
সেতুর অফ-র‍্যাম্পগুলো সরিয়ে ফেলা এবং ডাউনটাউনের মূল অংশকে সাউথ সেন্ট্রাল ও সাউথ ট্রয়ের সঙ্গে আরো ভালোভাবে সংযুক্ত করবে এমন একটি থ্রুওয়ে তৈরি করার জন্য সেতু ও রিভার স্ট্রিটের সংযোগস্থল পুনর্নির্মাণ করা। এই সেতুর অভিমুখ পুনর্গঠনের ফলে ভবিষ্যতে আবাসন উন্নয়নের জন্য উন্নয়নযোগ্য বাড়তি জায়গা পাওয়া যাবে।

ডাউনটাউন ও রিভারওয়াকে পথ খুঁজে নেওয়ার সাইন ও ব্র্যান্ডিং বাস্তবায়ন - DRI অনুদান 363,000 ডলার
ব্র্যান্ডিং ও সক্রিয়তার মাধ্যম সম্পর্কে সিটির পরিকল্পনা বাস্তবায়ন। ব্র্যান্ডিং ও পথ খুঁজে নেওয়ার জন্য বিনিয়োগ করা ডাউনটাউনে সম্পন্ন করা কৌশলগত বিনিয়োগগুলো যাতে বিস্তৃত পরিসরের মানুষদের কাছে দৃশ্যমান হয় এবং সেগুলোর সর্বোচ্চ অর্থনৈতিক প্রভাব অর্জিত হয় তা নিশ্চিত করে।

ঐতিহাসিক ক্যানন ভবনকে পূর্বের অবস্থায় ফিরিয়ে আনা - DRI অনুদান 200,000 ডলার
5 ব্রডওয়েতে মনুমেন্ট স্কয়ারের সবচেয়ে পুরোনো ভবনের বাহ্যিক অবস্থা পূর্বের অবস্থায় ফিরিয়ে আনা। পুনরুজ্জীবিতকরণের প্রাথমিক সুফলগুলোর মধ্যে নতুন করে নির্মাণ করার

সাথে সাইডওয়াকগুলোতে পথচারী চলাচল উন্নত করা এবং বৃহত্তর ডাউনটাউনে বাইরের আস্তরণ উন্নত করার ভিজুয়াল প্রভাব অন্তর্ভুক্ত রয়েছে।

<u>**আবাসনের সুযোগ সম্প্রসারণ**</u>

টেইলর অ্যাপার্টমেন্টস পুনঃউন্নয়ন (Taylor Apartments Redevelopment) প্রকল্পের প্রথম ধাপ সম্পন্ন করা - DRI অনুদান: 1,600,000 ডলার
রিভারসাইট পুনরুজ্জীবিতকরণ প্রকল্পের অংশ হিসেবে 125 রিভার স্ট্রিটে আনুমানিক 141 ইউনিট স্থায়ীভাবে সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট এবং মিশ্র-ব্যবহারের উপযোগী ও কমিউনিটি স্পেস গড়ে তোলা।

<u>**কমিউনিটি পরিষেবাসমূহ বৃদ্ধি করা**</u>

CEO কমিউনিটি রিসোর্স সেন্টারে (CEO Community Resource Center) একটি নতুন আউটডোর জনসমাগমের স্থান তৈরি করা - DRI অনুদান 262,000 ডলার
কমিউনিটি ইভেন্ট ও পরিষেবাগুলোর জন্য একটি নিরাপদ আউটডোর এলাকা নির্মাণ করা, যার মধ্যে 2350 ফিফথ এভিনিউতে একটি ছাদযুক্ত পাবলিক প্যাভিলিয়ন ও রেস্টরুম অন্তর্ভুক্ত রয়েছে। এই প্রকল্প নতুন সম্প্রসারণ হওয়া CEO কমিউনিটি রিসোর্স সেন্টারকে আরো সমৃদ্ধ করবে, যেটি এই কমিউনিটিকে চাইল্ডকেয়ার এবং অন্যান্য পারিবারিক সহায়তা পরিষেবা প্রদান করছে।

ক্যাপিটাল রুটসে একটি নেট-জিরো গ্রিনহাউজ কর্মসংস্থান প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করা - DRI অনুদান: 1,500,000 ডলার
দীর্ঘ দিন ধরে কর্মহীন অবস্থায় থাকা লোকদের জন্য চাকরির প্রস্তুতি সংক্রান্ত একটি কর্মসূচি চালুর জন্য সহায়তা করতে 2525 ফিফথ এভিনিউতে একটি নেট-জিরো গ্রিনহাউজ ফ্যাসিলিটি নির্মাণ করা। এই গ্রিনহাউজ স্থাপন নর্থ সেন্ট্রাল ট্রয়ে ক্যাপিটাল রুটস আরবান গ্রো সেন্টার (Capital Roots Urban Grow Center)-এর প্রদান করা পরিষেবাগুলোর দীর্ঘ তালিকার সঙ্গে চাকরির প্রশিক্ষণও যোগ করবে।

নিউ ইয়র্কের সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "স্টেটের অর্থনৈতিক পুনরুদ্ধার প্রচেষ্টার অংশ হিসেবে, 10 মিলিয়ন ডলারের এই অনুদান ট্রয়ের ঐতিহাসিক, প্রাণবন্ত ও হেঁটে চলাচলের উপযুক্ত রিভারওয়াক ডিস্ট্রিক্টকে আরো সমৃদ্ধ করে তুলবে। ট্রয়ের নদীর তীর এবং স্থানীয় মালিকানাধীন অসংখ্য ক্ষুদ্র ব্যবসা, শিল্প, রেস্তোরাঁ, উন্মুক্ত স্থান ও সাশ্রয়ী আবাসন ইত্যাদির মধ্যে সংযোগ স্থাপনকারী হিসেবে এটির ভূমিকার গুরুত্বপূর্ণ স্বীকার করে নেওয়ার মাধ্যমে, এই সিটি এটির সাংস্কৃতিক, আবাসিক ও বাণিজ্যিক ডিস্ট্রিক্টকে আগামী বছরগুলোর জন্য একটি অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক চালিকা শক্তি হিসেবে গড়ে তোলা অব্যাহত রাখবে। ট্রয় সিটিকে অভিনন্দন এবং আমি সম্পন্ন হওয়া প্রকল্পগুলো দেখার জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "এই সিটির নদীর তীরকে কেন্দ্র করে এটিকে শিল্প, সংস্কৃতি ও বিনোদনের একটি হাব হিসেবে গড়ে তোলার বিষয়ে পুনরায় ভাবনার জন্য চলমান বিনিয়োগগুলোর কারণে ঐতিহাসিক ট্রয় একটি রেনেসাঁর মধ্য দিয়ে যাচ্ছে। ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ হাডসন নদীর পাশে এই সিটির অবস্থানকে কাজে লাগিয়ে একটি হেঁটে চলাচলের উপযুক্ত, গতিশীল ও আকর্ষণীয় ডিস্ট্রিক্ট তৈরি করছে যেখানে উন্নত অবকাঠামো ও সবুজ স্থান থাকবে, যেটি এর ঐতিহাসিক স্থাপত্য সংরক্ষণ করবে এবং দর্শনার্থী, অধিবাসী ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে প্রবলভাবে আকৃষ্ট করবে।"

নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal)-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "নিউ ইয়র্কের ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ স্টেটজুড়ে কমিউনিটিগুলোকে স্থানীয় চাহিদাগুলো পূরণের জন্য সংস্থানসমূহ প্রদান করেছে এবং আজকের এসব অনুদান ট্রয়কে নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়া মানুষদের জন্য ঠিক সে কাজটিই করবে এবং আরো বেশি অবদান রাখবে। এই 11টি প্রকল্প, যার মধ্যে HCR-এর অর্থায়ন পাওয়া টেইলর অ্যাপার্টমেন্টসও অন্তর্ভুক্ত রয়েছে, ট্রয়ের অর্থনৈতিক গতিশীলতার সঙ্গে যোগ হবে এবং সাংস্কৃতিকভাবে সমৃদ্ধ একটি গন্তব্যস্থল এবং বসবাসের জন্য চমৎকার স্থান হিসেবে এই সিটির সুনাম বৃদ্ধি করবে।"

স্টেট সিনেটর নিল ব্রেসলিন বলেন, "ট্রয় সিটি এবং সমগ্র রাজধানী অঞ্চলের অর্থনীতিকে পুনরুজ্জীবিত করতে সাহায্য করার ব্যাপারে তার চলমান অঙ্গীকারবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি। ট্রয় সিটির এই 11টি প্রকল্প আমাদের অতীতের সাফল্যের সঙ্গে যোগ হচ্ছে এবং ট্রয় সিটির সমৃদ্ধি অর্জন অব্যাহত রাখার নিশ্চিত করতে সাহায্য করবে।"

অ্যাসেম্বলি সদস্য জন টি. ম্যাকডোনাল্ড III বলেন, "DRI ঠিক সেই কাজটিই করছে যেই কাজের জন্য এটি তৈরি করা হয়েছিল, আর তা হচ্ছে আমাদের কমিউনিটির নির্দিষ্ট কেন্দ্রগুলোতে সমৃদ্ধি অর্জনে অনুপ্রেরণা যোগানো। ট্রয় সিটি স্টেকহোল্ডারদের সঙ্গে কাজ করার মাধ্যমে একটি পরিকল্পনা উপস্থাপন করেছে যেখানে কমিউনিটির আইডিয়া ও ভিশনগুলো একীভূত করা হয়েছে এবং সেগুলোকে বাস্তব রূপ দেওয়া হয়েছে। এই বাস্তবতা পুরো সিটির জন্য এবং আমাদের রাজধানী অঞ্চলের জন্য বৃহত্তর সাফল্য অর্জনের দিকে নিয়ে যাবে।"

ট্রয় সিটির মেয়র প্যাট্রিক ম্যাডেন বলেন, "ট্রয় সিটির জন্য এটি একটি দুর্দান্ত সংবাদ, এবং এই প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত সবার জন্য এটি একটি বিশাল অর্জন। এসব DRI অনুদান শুধু আমাদের ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে একটি বিনিয়োগই নয়, বরং সেগুলো সাশ্রয়ী আবাসন, আমাদের আশেপাশের এলাকাগুলোর মধ্যকার সংযোগ শক্তিশালীকরণ, নদীপথের সংযোগ, এবং কর্মীদের উন্নয়নের ব্যাপারে একটি অঙ্গীকারবদ্ধতা। আমাদের ভবিষ্যতের প্রতি এই বিনিয়োগের জন্য আমরা গভর্নর হোকলের প্রতি, এবং যারা আবেদন জমা দিয়েছেন এবং DRI স্টিয়ারিং কমিটিতে দায়িত্ব পালন করেছেন, যারা এসব প্রস্তাবের পক্ষে ভোট দিয়েছেন ও সেগুলোকে শক্তিশালী করেছেন, তাদের সবার প্রতি আমরা কৃতজ্ঞ। আমরা 2023 সালে এসব প্রকল্প চালু হতে দেখার প্রত্যাশা রাখি।

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)
নিউ ইয়র্ক স্টেটের DRI, তার অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির একটি ভিত্তি, যা ডাউনটাউনের আশেপাশের এলাকাগুলোকে প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করে যা উচ্চ জীবনমান সরবরাহ করে এবং পুনর্নির্মাণ, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক ও আবাসন বৈচিত্র্যের জন্য চুম্বক হিসেবে কাজ করে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development), হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এবং NYSERDA-এর সহায়তায় ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে, DRI একটি অভূতপূর্ব ও উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা তাৎক্ষণিক বাস্তবায়নের সাথে কৌশলগত পরিকল্পনা করে এবং এর ফলে কম্প্যাক্ট, হাঁটারযোগ্য ডাউনটাউন যা পাবলিক ট্রানজিটের ব্যবহার এবং ব্যক্তিগত যানবাহনের উপর নির্ভরতা হ্রাস করে রাষ্ট্রের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জনের পাশাপাশি নিউ ইয়র্ক স্টেটকে কোভিড-19 মহামারীর প্রভাব থেকে এর অর্থনীতি পুনর্নির্মাণে সাহায্য করার একটি মূল উপাদান। DRI সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418